

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
শাখাঃ কারিগরি-১  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

নং- ৫৭.০০.০০০০.০৫১.০৪.০০৭.২০১৮- ১১৫

তারিখ : ০৬ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ  
২০ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সিরাজগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউটের ইন্সট্রাক্টর (টেক/ইলেক্ট্রনিক্স), সৈয়দ মোঃ মামুনের রশিদ অধ্যক্ষের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হওয়া, শিক্ষার্থীদের উষ্কিয়ে দিয়ে লেখাপড়ার পরিবেশ নষ্ট করা, কোচিং বাণিজ্যের সাথে জড়িত থাকা, শিক্ষার্থীদের ধারাবাহিক মূল্যায়ণে বেশী নম্বরের প্রতিশ্রুতি, পরীক্ষায় পাশ করানো, ব্যবহারিক পরীক্ষায় বেশী নম্বর দেয়ার জন্য গোপনে শিক্ষার্থীদের নিকট হতে বিকাশে অর্থ গ্রহণের প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী ‘অসদাচরণ’ এবং বিধি ৩ এর উপবিধি (ঘ) অনুযায়ী ‘দুর্নীতি’ এর অভিযোগে অভিযুক্ত করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রস্তুত করা হয়। সৈয়দ মোঃ মামুনের রশিদ এর দাখিলকৃত জবাব এবং বিগত ০৫/০৮/২০১৮ তারিখে তার ব্যক্তিগত গুনানি পর্যালোচনায় তা সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আনীত অভিযোগের বিষয়ে তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

০২। তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদনসহ সংশ্লিষ্ট সকল রেকর্ডপত্র পর্যালোচনায় সৈয়দ মোঃ মামুনের রশিদ, ইন্সট্রাক্টর (টেক/ইলেক্ট্রনিক্স), সিরাজগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী ‘অসদাচরণ’ এবং বিধি ৩ এর উপবিধি (ঘ) অনুযায়ী ‘দুর্নীতি’ এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। এমতাবস্থায়, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী ‘অসদাচরণ’ এবং বিধি ৩ এর উপবিধি (ঘ) অনুযায়ী ‘দুর্নীতি’ এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় সিরাজগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউটের ইন্সট্রাক্টর (টেক/ইলেক্ট্রনিক্স), সৈয়দ মোঃ মামুনের রশিদ কে তার বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হল। তবে ভবিষ্যতে দায়িত্বপালনের ক্ষেত্রে অধিকতর মনোযোগী ও সতর্কতা অবলম্বনের জন্য নির্দেশ প্রদান করা হল।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


স্বাক্ষরিত/-  
(মোঃ আলমগীর)  
সচিব

নং- ৫৭.০০.০০০০.০৫১.০৪.০০৭.২০১৮- ৯৯৫

তারিখ : ০৬ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ  
২০ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

- ০১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা  
(সৈয়দ মোঃ মামুনুর রশিদ এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। মাননীয় প্রতি মন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা
- ০৫। অধ্যক্ষ, সিরাজগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট, সিরাজগঞ্জ।
- ০৬। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। সৈয়দ মোঃ মামুনুর রশিদ, ইন্সট্রাক্টর (টেক/ইলেক্ট্রনিক্স), সিরাজগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট, সিরাজগঞ্জ।



(সুবোধ চন্দ্র ঢালী)

উপসচিব (কারিগরি)

ফোনঃ ৯৫৮৪৬৬৬

sastec1@tmed.gov.bd